

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ১৬/২০২২

তারিখ: ১০ নভেম্বর ২০২২
২৫ কার্তিক ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/
মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

ইন্টারঅপারেবল ডিজিটাল ট্রানজেকশন প্লাটফর্ম (IDTP) “বিনিময়” এর মাধ্যমে সম্পাদিত লেনদেনসমূহের জন্য
প্লাটফর্ম ফি, ইন্টারঅপারেবল ফি এবং সার্ভিস চার্জ নির্ধারণ প্রসঙ্গে।

ইন্টারঅপারেবল ডিজিটাল ট্রানজেকশন প্লাটফর্ম (IDTP) “বিনিময়” এর কার্যক্রম আগামী ১৩ নভেম্বর ২০২২ তারিখ হতে
আনুষ্ঠানিকভাবে শুরু হবে। এতদপ্রেক্ষিতে, “বিনিময়” এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের জন্য নিম্নরূপ ফি এবং চার্জ নির্ধারণ করা হলো:

০১. “বিনিময়” ব্যবহার করে যে কোন অংকের প্রতিটি লেনদেনে অর্থ গ্রহণকারী প্রতিষ্ঠান প্লাটফর্মকে ০.৫০ টাকা প্রদান করবে;
০২. “বিনিময়” ব্যবহার করে লেনদেনের ক্ষেত্রে নিম্নোক্ত ইন্টারঅপারেবল ফি এবং সার্ভিস চার্জ প্রযোজ্য হবে:

অর্থ প্রদানকারী প্রতিষ্ঠান	অর্থ গ্রহণকারী প্রতিষ্ঠান	ইন্টারঅপারেবল ফি (লেনদেনের % হিসেবে)	গ্রাহক হতে অর্থ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক ভ্যাটসহ আদায়যোগ্য সর্বোচ্চ সার্ভিস চার্জ (লেনদেনের % হিসেবে)
১	২	৩	৪
ব্যাংক	ব্যাংক	০.০০	১০.০০ টাকা
	পিএসপি	০.৪৫	০.০০
	এমএফএস প্রোভাইডার	০.৪৫	০.০০
পিএসপি	ব্যাংক	০.০০	১.০০
	পিএসপি	০.৭৫	০.৫০
	এমএফএস প্রোভাইডার	০.৭৫	০.৫০
এমএফএস প্রোভাইডার	ব্যাংক	০.০০	১.০০
	পিএসপি	০.৭৫	০.৫০
	এমএফএস প্রোভাইডার	০.৭৫	০.৫০

০৩. উপর্যুক্ত সারণীর ৩নং কলামে ধার্যকৃত ইন্টারঅপারেবল ফি অর্থ গ্রহণকারী প্রতিষ্ঠান অর্থ প্রদানকারী প্রতিষ্ঠানকে প্রদান করবে, যা
গ্রাহকের নিকট হতে আদায় করা যাবে না;

০৪. অর্থ প্রদানকারী প্রতিষ্ঠান তার গ্রাহক হতে সার্ভিস চার্জ বাবদ সর্বোচ্চ ৪নং কলামে উল্লিখিত চার্জ আদায় করতে পারবে।
প্রতিষ্ঠানসমূহ গ্রাহক হতে উক্ত সার্ভিস চার্জ এর অতিরিক্ত কোন চার্জ আদায় করতে পারবে না;

০৫. “বিনিময়” প্লাটফর্মে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ গ্রাহক পর্যায়ে নির্ধারিত উপর্যুক্ত সার্ভিস চার্জ সিডিউল অব চার্জেস-এ উল্লেখ
করবে;

০৬. এতদসঙ্গে, পিএসডি সার্কুলার নং: ০৭, তারিখ: ২২ অক্টোবর ২০২০ রহিত করা হলো।

এ নির্দেশনাবলী আগামী ১৪ নভেম্বর ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাবুল হক)

পরিচালক (পিএসডি)

ফোনঃ ৯৫৩০১৭৪